

খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

খুলনা-৯২০৩।

বিজ্ঞপ্তি

এতদ্বারা অত্র বিশ্ববিদ্যালয়ের রাজস্ব খাতে কর্মরত (স্থায়ী) শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীবৃন্দের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, গৃহনির্মাণ ঋণ (বিশ্ববিদ্যালয়ের নিজস্ব অর্থায়নে) কর্মসূচীর আওতায় গৃহনির্মাণ ঋণ নিয়মাবলীর আলোকে ২০২১-২০২২ অর্থ বছরের ঋণ বিতরণের নিমিত্তে নির্ধারিত ফরমে আবেদন আহবান করা যাচ্ছে। গৃহনির্মাণ ঋণ নীতিমালার উল্লেখযোগ্য বিষয়াবলী নিম্নরূপঃ

- ১। গৃহনির্মাণ ঋণ শিক্ষক/কর্মকর্তা/কর্মচারীবৃন্দের মাঝে জ্যেষ্ঠতার ভিত্তিতে নিম্নবর্ণিত ভাবে বিতরণ করা হবেঃ
 - ক) শিক্ষক/কর্মকর্তা (১ম গ্রেড থেকে ১০ম গ্রেড) = ৫,০০,০০০/- (পাঁচ লক্ষ) টাকা।
 - খ) কর্মচারী (১১তম গ্রেড থেকে ২০তম গ্রেড) = ৩,০০,০০০/- (তিন লক্ষ) টাকা।
 - গ) কিস্তি পরিশোধ = শিক্ষক/কর্মকর্তাগণের ক্ষেত্রে মাসিক ৫,৪৮০/- (পাঁচ হাজার চারশত আশি) টাকা হারে এবং কর্মচারীগণের ক্ষেত্রে মাসিক ৩,২৮৮/- (তিন হাজার দুইশত আটাশি) টাকা হারে তাদের বেতন হতে বিরতিহীনভাবে ১২০ (একশত বিশ) কিস্তিতে কর্তন করা হবে।
- ২। যে সকল শিক্ষক/কর্মকর্তা/কর্মচারী অত্র প্রতিষ্ঠানে কমপক্ষে ০৫ (পাঁচ) বছর যাবৎ পূর্ণবেতনে চাকুরীতে (পেনশন যোগ্য) বহাল আছেন এবং এখনও যাদের পেনশনে যেতে কমপক্ষে ৪ (চার) বছর বাকি আছে তারা এই ঋণের সুবিধা পাবেন।
- ৩। যে সকল শিক্ষক/কর্মকর্তাগণ উচ্চ শিক্ষায় বা প্রেষণে দেশে/বিদেশের কোন প্রতিষ্ঠানে অধ্যয়ন বা কর্মরত আছেন তারা এই ঋণের আওতার বাইরে থাকবেন।
- ৪। অনুমোদিত ঋণের অর্থ গৃহনির্মাণ ঋণ তহবিল জনতা ব্যাংক লিঃ, কুয়েট কর্পোরেট শাখা, খুলনা থেকে ট্রেন্সড্ চেক/ব্যাংক এ্যাডভাইসের মাধ্যমে পরিশোধ করা হবে।

গৃহনির্মাণ ঋণ বিতরণ কমিটির সদস্য-সচিব (কম্পট্রোলার) দপ্তরের ডাটা এন্ট্রি অপারেটর, কোহিনুর পান্নার (রুম নং-৩০১) নিকট আগামী ০১-১১-২০২১ইং হতে ১৫-১১-২০২১ইং তারিখ পর্যন্ত (অফিস চলাকালীন সময়ের মধ্যে) ফরম উত্তোলন এবং জমা দেয়া যাবে।

স্বাঃ/-

সভাপতি

গৃহনির্মাণ ঋণ বিতরণ কমিটি

খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়।

স্মারক নং-খুপ্রবি/কম্পঃ দপ্তর/ ৩০৮

তাং-৩১/১০/২১ইং

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলোঃ

- ১। সকল ডীন এবং ইনস্টিটিউট পরিচালক, অত্র বিশ্ববিদ্যালয় (তার অধীনে কর্মরত শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীবৃন্দকে বিষয়টি অবগত করানোর অনুরোধসহ)।
- ২। পরিচালক, আইআইসিটি, অত্র বিশ্ববিদ্যালয় (বিজ্ঞপ্তিটি ওয়েব সাইটে প্রকাশের অনুরোধ করা হলো)।
- ৩। রেজিস্ট্রার, অত্র বিশ্ববিদ্যালয়।
- ৪। বিভাগীয় প্রধান/দপ্তর প্রধান, অত্র বিশ্ববিদ্যালয় (তার অধীনে কর্মরত শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীবৃন্দকে বিষয়টি অবগত করানোর অনুরোধসহ)।
- ৫। কমিটির সম্মানিত সকল সদস্য।
- ৬। পিএস টু ভিসি (ভাইস-চ্যান্সেলর মহোদয়কে অবগত করানোর অনুরোধসহ), অত্র বিশ্ববিদ্যালয়।
- ৭। সকল নোটিশ বোর্ড, অত্র বিশ্ববিদ্যালয়।
- ৮। সংরক্ষণ নথি।

৩১/১০/২১

সদস্য-সচিব

গৃহনির্মাণ ঋণ বিতরণ কমিটি

খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়।

৩১/১০/২১